

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, ডিপ্লোমা শাখা
৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা- ১২১০
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.২৬.৪০২ তারিখ: ০৪ নভেম্বর ২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রমের ২০১৩ প্রবিধানভূক্ত পরীক্ষার্থীদের ৭ম পর্ব নিয়মিত ও ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা- ২০২৪ বোর্ড নির্ধারিত ঢাকা সরকারি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা (কেন্দ্র কোড: ৫০০৮৮) কেন্দ্রে আগামী ২৮ ডিসেম্বর ২০২৬ খ্রি. তারিখ হতে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে জানানো হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জানা যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও (www.bteb.gov.bd) দেখা যাবে।

ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান-২০১৩ এবং বাকাশিবো/ক(স্বাঃপ্রঃ)/২০১৫/১১৮/১, তারিখঃ ২৯-১১-২০১৫ স্মারক মূলে এর সংশোধনী মোতাবেক উক্ত কোর্সের আচরণভিত্তিক সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের মান বন্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।

১। পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলী:

১.১ সকল পর্বের ফরম পূরণ Online এ সম্পন্ন করতে হবে।

১.২ নির্ধারিত সময়ে বোর্ডের Website এর মাধ্যমে Online এ ফরমপূরণের কাজ সম্পাদন করতে হবে। ফরম পূরণের Online প্রিন্ট-আউট কপি এবং ডিডি জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা অনুচ্ছেদ ৩.৬ এ বর্ণিত ছক অনুযায়ী প্রদান করতে হবে। Online হতে সংগ্রহকৃত চূড়ান্ত প্রিন্ট-আউট (Final List) নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের ফরম ফিলাপ ও প্রবেশপত্র সংক্রান্ত যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ ফি প্রদানের প্রমাণকসহ বোর্ডে আবেদন করতে হবে। Final List এ যে সকল শিক্ষার্থীর নাম অন্তর্ভূক্ত থাকবে এবং পরীক্ষার নির্ধারিত ফি পরিশোধ করবে, সে সকল শিক্ষার্থীরাই ফরম ফিলাপ করেছে বলে গণ্য হবে।

১.৩ কোন শিক্ষার্থীর নাম Probable List এ না থাকলে প্রতিষ্ঠান থেকে যোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। উল্লেখ্য, কোন শিক্ষার্থী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে ব্যর্থ হলে ঐ শিক্ষার্থী সরাসরি বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে পারবে। আবেদনে প্রতিষ্ঠান কোড, শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর, সেশন, রোল ও সর্বশেষ অংশগ্রহণকারী পরীক্ষার সেমিস্টার উল্লেখ থাকতে হবে। শিক্ষার্থীর সর্বশেষ ফলাফলের কপি, প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১.৪ ২০১৯-২০২০ সেশনের শিক্ষার্থীদের রেজিষ্ট্রশনের মেয়াদ বৃদ্ধি না করেই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে, ২০১৮-২০১৯ সেশন বা তার পূর্ববর্তী সেশনের শুধুমাত্র ৭ম ও ৮ম পর্বের অনিয়মিত শিক্ষার্থী বোর্ডের রেজিস্ট্রেশন শাখা হতে রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২। ফি সমূহের হার:

২.১ সপ্তম পর্বের পরীক্ষার্থী (যাদের অকৃতকার্য বিষয় নাই):

ক্রমিক	ফি এর খাতসমূহ	মোট ফি	প্রাপ্যতা
১.	পরীক্ষার ফি	৭০০.০০	বোর্ড পাবে
২.	কেন্দ্র ফি	৫০০.০০	প্রতিষ্ঠান: ২০০/- ব্যবহারিক কেন্দ্র: ৩০০/-
৩.	নম্বরপত্র ফি	৮০.০০	বোর্ড পাবে
৪.	ফিল্ড ট্রেনিং ফি	৬০০.০০	অনুঃ ৩.৩ মোতাবেক

২.২ সপ্তম পর্বের পরীক্ষার্থী (যাদের অকৃতকার্য বিষয় আছে):

ক্রমিক	ফি এর খাতসমূহ	মোট ফি	প্রাপ্যতা
১.	পরীক্ষার ফি	অকৃতকার্য বিষয় সংখ্যা × ১২৫.০০ সর্বনিম্ন- ৭০০.০০	বোর্ড পাবে
২.	কেন্দ্র ফি	অকৃতকার্য পর্ব সংখ্যা × ২৫০.০০ সর্বনিম্ন- ৬০০.০০	তত্ত্বীয় কেন্দ্র পাবে
৩.	নম্বরপত্র ফি	পর্ব সংখ্যা × ৮০.০০	বোর্ড পাবে
৪.	ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে)	ব্যবহারিক বিষয় সংখ্যা × ৪০.০০	ব্যবহারিক কেন্দ্র পাবে
৫.	ফিল্ড ট্রেনিং ফি	৬০০.০০	অনুঃ ৩.৩ মোতাবেক

২.৩ অস্টম পর্ব অনিয়মিত পরীক্ষার্থী:

ক্রমিক	ফি এর খাতসমূহ	মোট ফি	প্রাপ্যতা
১.	পরীক্ষার ফি	অকৃতকার্য বিষয় সংখ্যা × ১২৫.০০ সর্বনিম্ন- ৭০০.০০	বোর্ড পাবে
২.	কেন্দ্র ফি	অকৃতকার্য পর্ব সংখ্যা × ২৫০.০০ সর্বনিম্ন- ৬০০.০০	তত্ত্বীয় কেন্দ্র পাবে
৩.	নম্বরপত্র ফি	পর্ব সংখ্যা × ৮০.০০	বোর্ড পাবে
৪.	ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে)	ব্যবহারিক বিষয় সংখ্যা × ৪০.০০	ব্যবহারিক কেন্দ্র পাবে

৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রিফরম ও ফি প্রেরণের নিয়মাবলী:

৩.১ পরীক্ষার্থীদের ফরম ফিলাপ ও ফি-সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি বোর্ডে গ্রহণ করা হবে না।

৩.২ অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট ফরম সরাসরি বাতিল করা হবে এবং এ জন্য বোর্ড দায়ী থাকবে না।

৩.৩ ফিল্ড ট্রেনিং ফি হিসেবে আদায়কৃত ৬০০/- টাকার মধ্যে প্রতিবেদন বই বাবদ ১৫০/- টাকা ও প্রতিষ্ঠান বাবদ ৩৮০/- টাকা রেখে অবশিষ্ট ৭০/- টাকা বোর্ড প্রাপ্য সকল ফি এর সাথে একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট করে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা হতে উত্তোলনযোগ্য হতে হবে। ব্যাংক ড্রাফট এর সাথে Online-এ পূরনকৃত ফরম ফিলাপ এর Final List ও Total Student List জমা দিতে হবে।

৩.৪ ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ ও আভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণের সম্মানী প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১৫.০০ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট অর্থ ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে ব্যবহার করা যেতে পারে।

৩.৫ ফরম ফিলাপ বাবদ বোর্ডে ব্যাংক ড্রাফট জমার পূর্বে অধ্যক্ষ, ঢাকা সরকারি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা (কেন্দ্র কোড: ৫০০৮৮) কেন্দ্র সচিব বরাবর কেন্দ্র ফি ও ফরম পূরণের প্রিন্টাউট কপি জমা দিয়ে রিসিভড নিতে হবে। উক্ত রিসিভড কপির একটি ফটোকপি ব্যাংক ড্রাফট এর সাথে বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।

৩.৬ নিম্নবর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা বোর্ডে প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীদের সংখ্যা সম্বলিত একটি মুখপত্র সংযোজন করা আবশ্যক।

ক্রমিক নং	পরীক্ষার্থীদের নাম	রোল নম্বর ও পর্ব	রেজিঃ নম্বর ও সেসন	বিষয়ের কোড	পরীক্ষার ফি	নম্বর পত্র ফি	অকৃতকার্য বিষয়ের ফি	ফিল্ড ট্রেনিং ফি	সনদপত্র ফি	মোট টাকা	মন্তব্য
1	2	3	4	5	6	7	8	9	10	11	12

৩.৭ নিম্ন ছকে বর্ণিত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

ফরম ফিলাপ ও ডাটা এন্ট্রির এর	ব্যাংক ড্রাফট ও প্রিন্টাউটের	ব্যাংক ড্রাফট ও প্রিন্টাউট বোর্ডে জমার তারিখ	প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করার তারিখ	প্রবেশপত্র সংশোধনের জন্য তথ্যসহ আবেদন	সংশোধিত প্রবেশপত্র প্রিন্ট করার তারিখ
২২-১১-২০২৬ হতে ০৩-১২-২০২৬	০৭-১২-২০২৬	১০-১২-২০২৬	১৩-১২-২০২৬	১৪-১২-২০২৬	১৫-১২-২০২৬

৩.৮ **পরীক্ষার্থী প্রতি ৩০০/- টাকা বিলম্ব ফি ও প্রতিষ্ঠান জরিমানা ১,০০০/- টাকা জমা প্রদান সাপেক্ষে ১০/১২/২০২৬ খ্রি. এর মধ্যে ফরম ফিলাপ করতে পারবে।**

৩.৯ পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যোগাযোগের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২১০ [দৃষ্টি আর্কষণঃ উপপরীক্ষা নিয়ন্ত্রক(ডিপ্লোমা)] ঠিকানা ব্যবহার করতে হবে। প্রয়োজনে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ মাছুম বিল্লাল সরদার এর সাথে (মোবাইল নম্বর ০১৭৯৩২৬৩৬৫১) যোগাযোগ করা যাবে।

৩.১০ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ পর্যন্ত এফিলিয়েশন ফি পরিশোধ থাকতে হবে।

৩.১১ **৭ম ও ৮ম পর্ব অনিয়মিত ব্যতীত অন্য কোন পর্বের শিক্ষার্থীদের এই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না। উল্লেখ্য, পরবর্তীতে এ শিক্ষাক্রমের ৭ম পর্বের আর কোন পরীক্ষা গ্রহণ করা হবে না।**

৪। অন্যান্য শর্তাবলী:

৪.১ পরীক্ষার্থীদের ফরম এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি সমূহের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও ফরম সমূহ ৩.৬ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণীসহ একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরম ফিলাপের ফরোয়ার্ডিং প্রেরণ করা বর্জনীয়।

৪.২ শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সকল পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে।

৪.৩ ২০১৩ প্রবিধানের কোর্স স্ট্রাকচার মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ের TC, PC, PF নম্বর যথা সময়ে অনলাইনে এন্ট্রি করতে হবে।

৪.৪ প্রবেশপত্র ও উত্তরপত্রের পিছনের পৃষ্ঠায় দেয়া নির্দেশনা পরীক্ষার্থীদের অবগত করতে হবে। সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৫ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কোন কর্মকর্তা যেমন প্রধান পরিদর্শী, কক্ষ পরিদর্শী, শিক্ষার্থী কোনক্রমেই মোবাইল ফোন সংঙ্গে রাখতে পারবে না।

০৪/১১/২৬

(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.২৬.৪০২(১২)

তারিখ: ০৪ নভেম্বর ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. সচিব, কারিগরি মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সভাপতি, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম অনুষদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ, ঢাকা সরকারি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা।
৫. অধ্যক্ষ/পরিচালক, ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান।
৬. উপপরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএমটি/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপসচিব (রেজিঃ)/উপসচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সিষ্টেম এনালিষ্ট, বাকাশিবো (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ ও নির্ধারিত তারিখে অনলাইনে কার্যক্রম সম্পন্ন করার অনুরোধসহ)।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/ বিতরণ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

০৪/১১/২০২৬

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপপরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১